# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

৮নং ওয়ার্ড কার্যালয়

দোলন চাপা-১ সিটি প্লাজা (২য় তলা), ধনকুন্ডা,
এল.এন.মিলস্‌-১৪৩২, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ, বাংলাদেশ।

মোঃ রুহুল আমিন
কাউন্সিলর, ৮নং ওয়ার্ড
ফোন : +৮৮-০২-৭৬৯৩৩৬৬ (অফিস)
মোবাইল : ০১৭১৩০১৭৩৮৯
ই-মেইল : mdruhulamin8899@gmail.com
Web : www.ncc.org.bd
www.ncc.ward8.org.bd


সূত্র নং-

তারিখ : 07/03/2024 ইং

## সভার নোটিশ

**বিষয়ঃ ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি WLCC'র সভায় যোগদান প্রসঙ্গে।**

উপযুক্ত বিষয় সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ওর্য়াড লেভেল কো-অর্ডিনেশন কমিটি **(WLCC)** এর সভা আগামী ১৪-০৩-২০২৪ খ্রি. সকাল ১১.০০ ঘটিকায় নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সভার আলোচ্য সূচীঃ-

১। গত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।

২। অবকাঠামো নির্মান ও উন্নয়ণ প্রস্থাবনা প্রসঙ্গে।

৩। অভিযোগ প্রতিকার ব্যবস্থা অবহিতকরন।

৪। টিসিবি কার্যক্রম প্রসঙ্গে।

৫। মশক নিধন কার্যক্রম প্রসঙ্গে।

শুভেচ্ছান্তে

07.03.24

মোঃ রুহুল আমিন
কাউন্সিলর, ৮নং ওয়ার্ড
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

# ০৮ নং ওয়ার্ড কাউন্সিলরের কার্যলয়

## দোলন চাপা-১ সিটি প্লাজা (২য় তলা)

### ধনকুন্ডা,এল.এন.মিলস-১৪৩২

### সিদ্ধিরগঞ্জ,নারায়ণগঞ্জ

০৮ নং ওয়ার্ডের WLCC এর ত্রৈমাসিক সভার কার্য বিবরনী

সভাপতি ঃ জনাব মোঃ রুহুল আমিন
কাউন্সিলর, ওয়ার্ড নং- ০৮
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

ওয়ার্ড নং ঃ ০৮

সভার তারিখ ঃ ১৪-০৩-১০২৪ খ্রি.

সভার সময় ঃ সকাল ১১.০০ ঘটিকায়

সভার স্থান ঃ ০৮ নং ওয়ার্ড কাউন্সিলর কার্যালয়।

**সভার উপস্থিতি তালিকা পরিশিষ্ট "ক"তে সংযুক্ত ঃ**

সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে WLCC'র সভাপতি ও ৮নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ রুহুল আমিন কমিটির সদস্য সচিব জনাব মোঃ সাইফুল ইসলামকে আলোচ্যসূচী অনুযায়ী সভা শুরু করার জন্য অনুমতি প্রদান করেন।

**আলোচ্যসূচী- ১:** গত সভার কার্য বিবরনী পাঠ ও অনুমোদন।

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন । | সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব মোঃ সাইফুল ইসলাম পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করেন। | কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়। | ৮ নং (WLCC)'র কমিটি। |

আলোচ্যসূচী-২ : অবকাঠামো নির্মান ও উন্নয়ন প্রস্তাবনা প্রসঙ্গে।

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| অবকাঠামো নির্মান ও উন্নয়ন প্রস্তাবনা প্রসঙ্গে আলোচনা। | ৮ নং ওয়ার্ডে WLCC'র সদস্য সচিব জনাব মোঃ সাইফুল ইসলাম অত্র ওয়ার্ডে অবকাঠামো নির্মান ও উন্নয়ন প্রস্তাবনা বা উপস্থাপনের জন্য সবাইকে অনুরোধ জানান। উপস্থিত সদস্যগন যে সকল দাবী পেশ করেন,তা নিন্মরুপ।<br><br>১। তাতখানা সৈয়দপাড়া থেকে ওয়াবদা খাল পর্যন্ত ড্রেন সহ রাস্তা নির্মাণ।<br>২। মধুগড় লিংক রোড থেকে ওয়াবদা খাল পর্যন্ত ড্রেন সহ রাস্তা নির্মাণ।<br>৩। পাঠানতলী ঈদগাহ মাঠ উন্নয়ণ ও সৌন্দর্য বর্ধন।<br>৪। চৌধুরী বাড়ী বউ বাজার থেকে এনসিসির শেষ এলাকা ইউরো গার্মেন্টস সহ লিংক রোড পর্যন্ত রাস্তা সহ ড্রেন নির্মাণ।<br>৫। ওয়াবদা খালের পাশে সালাউদ্দিনের বাড়ীর পাশে দারুস সালাম মাদরাসা পর্যন্ত ড্রেন সহ রাস্তা নির্মাণ।<br>৬। চৌধুরী বাড়ী থেকে বিল্লালের বাড়ী পর্যন্ত ড্রেন সহ রাস্তা নির্মাণ।<br>৭। ধনকুন্ড রেল লাইন থেকে বশির মিয়ার বাড়ী পর্যন্ত ড্রেন সহ রাস্তা নির্মাণ।<br>৮। বারমা স্টান্ডের পূর্ব সাইড থেকে পাঠানতলী রাস্তা পর্যন্ত ড্রেন সহ রাস্তা নির্মাণ।<br>৯। ধনকুন্ড দক্ষিন সাইড জহিরুলের বাড়ী থেকে আফতাবের বাড়ী পর্যন্ত ড্রেন সহ রাস্তা নির্মাণ।<br>১০। ভুইয়া পাড়া সিএনবি রোড থেকে রহমানের বাড়ী পর্যন্ত ড্রেন সহ রাস্তা নির্মাণ।<br>১১। সৈয়দ পাড়া হাবিবুল্লাহ প্রধানের বাড়ী থেকে পীর মোহাম্মদ এর বাড়ী পর্যন্ত ড্রেন সহ রাস্তা নির্মাণ।<br>১২। সাইদুর রহমান গাজীর বাড়ী থেকে ভুইয়া পাড়া প্রধান বাড় পর্যন্ত ড্রেন সহ রাস্তা নির্মাণ।<br>১৩। চৌধুরী বাড়ী বাসস্টান্ড থেকে তাতখানা প্রাথমিক | ০৮ নং ওর্য়ার্ডে যে যে প্রকল্পগুলো চলমান রয়েছে সেগুলো দ্রুত বাস্তবায়নের সুপারিশ জানিয়ে মেয়র,নারায়ণগগঞ্জ সিটি কর্পোরেশন বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকৌশল বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

| | | | |
|---|---|---|---|
| | বিদ্যালয় পর্যন্ত রাস্তা মেরামত।<br>১৪। জালকুড়ি বাসস্টান্ড থেকে ২ নং বাসস্টান্ড পর্যন্ত রাস্তা মেরামত।<br>১৫। জালকুড়ি তালতলা থেকে ওয়াবদা খাল পর্যন্ত রাস্তা মেরামত।<br>১৬। এনায়েত নগর জেলেপাড়া রোড মানিকের বাড়ী থেকে উত্তর দিকে সামসুল মিয়ার বাড়ী পর্যন্ত ড্রেন সহ রাস্তা নির্মাণ।<br>১৭। পাঠানতলী লালপাড়া কবরস্থান থেকে দক্ষিন দিকে এনায়েতনগর মসজিদ পর্যন্ত ড্রেন সহ রাস্তা নির্মাণ।<br>১৮। ধনকুন্ড মদিনা বাগ থেকে মান্নান মোল্লার বাড়ী পর্যন্ত ড্রেন সহ রাস্তা নির্মাণ।<br>১৯। এনায়েতনগর স্কুল থেকে জেলেপাড়া লাকি বাজার পর্যন্ত ড্রেন সহ রাস্তা নির্মাণ।<br>২০। দক্ষিন এনায়েতনগর মেহেদির বাড়ী থেকে ওয়াবদা খাল পর্যন্ত ড্রেন সহ রাস্তা নির্মাণ।<br>২১। তাতখানা প্রাথমিক বিদ্যালয় থেকে বৃষ্টি জেনারেল স্টোর পর্যন্ত ড্রেন সহ রাস্তা নির্মাণ। | | |

**আলোচ্যসূচী-৩:** অভিযোগ প্রতিকার ব্যবস্থা অবহিতকরন।

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| অভিযোগ প্রতিকার ব্যবস্থা অবহিতকরন। | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে ৮ নং ওয়ার্ডের WLCC এর সদস্য সচিব জনাব মোঃ সাইফুল ইসলাম জানান যে, জনগনের নিকট সরকারি দপ্তরের জবাবদিহিতা নিশ্চতকরন,সেবার মানোন্নয়ন ও সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে সরকার অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা-২০১৫ (পরিমার্জিত-২০১৮) প্রনয়ন করছে। যার প্রেক্ষিতে, যে কোন নাগরিক সেবা প্রদান পদ্ধতি,আভ্যন্তরীন সেবা বা নাগরিক অধিকার বিষয়ে অভিযোগ দায়ের করতে পারবেন। এ সকল অভিযোগ নিষ্পত্তির জন্য নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন জনাব,মোহাম্মাদ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের এ কার্যক্রম গ্রহনের জন্য উপস্থিত সকল সদস্য কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান এবং প্রত্যেকে স্ব-স্ব অবস্থান হতে সেবার মানোন্নয়নে | ৮ নং (WLCC)'র কমিটি। |

| | | | |
|---|---|---|---|
| | মঈনুল ইসলাম নগর পরিকল্পনাবিদ কে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) এবং প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয় কে আপিল কর্মকর্তা হিসাবে নিয়োগ প্রদান করছে। যার প্রেক্ষিতে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ওয়েব সাইটে অনলাইনে নিদিষ্ট ফরমে অভিযোগ দাখিলের ব্যবস্থা রাখা হয়েছে। এছাড়াও, যে কোন নাগরিক সেবা প্রদান পদ্ধতি ও সুশাসন সংশ্লিষ্ট বিষয়ে লিখিত অভিযোগ দাখিল করতে পারবেন।জনাব মোঃ সাইফুল ইসলাম উপস্থিত সবাইকে যৌক্তিক অভিযোগ দাখিলের মাধ্যমে সেবার মানোন্নয়ন এবং উক্ত বিষয়টি প্রচারের অনুরোধ জানান। | প্রয়োজনীয় পরামর্শ ও অভিযোগ জানাবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | |

আলোচ্যসূচী-৪: টিসিবি কার্যক্রম প্রসঙ্গো।

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| টিসিবি কার্যক্রম প্রসঙ্গো আলোচনা। | টিসিবি কার্যক্রম নিয়ে আলোচনা করেন মোঃ শামীম আজাদ,তিনি সভার সকল কে জানান যে ডিজিটাল বাংলাদেশ থেকে স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষ্যে নিম্ন আয়ের মানুষের জন্য ভর্তুকী / মূল্যে সরকার নিত্য প্রয়োজনীয় দ্রব্য বিক্রয় করছে। এ সব পন্য স্মার্ট কার্ডের মাধ্যমে কিনতে হবে। সে জন্য পরিবারের যেকোনো একজনের ১১ টি আবশ্যিক তথ্য সরবরাহ করতে হবে। এবং তিনি দ্রুততম সময়ের মধ্যে প্রয়োজনীয় তথ্য দাখিলের জন্য অনুরোধ জানান। ৮ নং ওয়ার্ডে সর্বমোট বরাদ্দকৃত সংখ্যা ৫৭১২ টি, তন্মধ্যে ৪৬৪৮ টি পরিবারের পূর্নঙ্গ তথ্য পাওয়া গেছে। অবশিষ্ট পরিবারের তথ্যাদি দ্রুত তম সময়ের মধ্যে দাখিল করার অনুরোধ জানান। | মার্চ ২০২৪ সালের মধ্যে টিসিবি ‘র স্মার্ট কার্ডের প্রয়োজনীয় পারিবারিক তথ্যাদি দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়। | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

আলোচ্যসূচী-৫: মশক নিধন কার্যক্রম প্রসঙ্গে।

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| মশক নিধন কার্যক্রম প্রসঙ্গে আলোচনা। | WLCC'র সদস্য জনাব আছমা বেগম সভাকে বলেন যে, ৮ নং ওয়ার্ডে মশার উপদ্রব দিনদিন বেড়েই চলেছে। তিনি নিয়মিত মশার ঔষধ প্রদানের অনুরোধ জানান। | ৮ নং ওয়ার্ডে নিয়মিত মশার ঔষধ প্রদানের সিদ্ধান্ত সভায় গৃহিত হয়। | বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ এবং আগামী সভায় যথাসময়ে উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

১৫.০৩.২৫

মোঃ রুহুল আমিন
কাউন্সিলর, ৮নং ওয়ার্ড
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

(মোঃ রুহুল আমিন)
চেয়ারপার্সন, ৮নং WLCC
ও
কাউন্সিলর, ০৮ নং ওয়ার্ড
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
মোবাইল ঃ০১৭১৩০১৭৩৮৯

# পরিশিষ্ট“ক”

## ০৮ নং ওয়ার্ডের WLCC সভার সদস্যদের হাজিরার তালিকা।

তারিখঃ ২৪/০৬/২০২৪ ইং

| ক্র.নং | সদস্যের নাম | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ রুহুল আমিন | সভাপতি | 14.03.25 মোঃ রুহুল আমিন কাউন্সিলর, ৮নং ওয়ার্ড নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ০২ | জনাব মোসাম্মৎ আয়েশা আক্তার | সহ-সভাপতি | |
| ০৩ | জনাব এনামুল হক ভূইয়া বাদল | সদস্য | |
| ০৪ | জনাব নুর মোহাম্মদ সেলিম | সদস্য | |
| ০৫ | জনাব মোঃ ইসমাইল মিয়া | | |
| ০৬ | জনাব আমিন ভূইয়া | সদস্য | মোঃ আমিন ভূঁইয়া ২৪.০৬.২৪ |
| ০৭ | জনাব আবু মূসা | সদস্য | আবু মুসা |
| ০৮ | জনাব মোঃ আমিনুল হক | সদস্য | মোঃ আমিনুল হক |
| ০৯ | জনাব মোঃ সেকান্দার প্রধান | সদস্য | |

| | | | |
|---|---|---|---|
| ১০ | জনাব শারজাহান মিয়া | সদস্য | |
| ১১ | জনাব মোঃ ইকবাল হোসেন (বিজয়) | সদস্য | |
| ১২ | বীর মুক্তিযোদ্ধা আব্দুল মজিদ সাউদ | সদস্য | |
| ১৩ | এমরান আলী (সিদ্দিক) | সদস্য | E. Ali |
| ১৪ | জনাব তাসনুভা নওরীন ইসলাম | সদস্য | |
| ১৫ | জনাব আছমা বেগম | সদস্য | |
| ১৬ | জনাব মোঃ সাইফুল ইসলাম | সদস্য সচিব | |